দৈনিক সংবাদ

তারিখ ... DEC 13 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## বিশ্ববিদ্যালয় কলেজ নামকরণ প্রসঙ্গ

ইদানীং বিশ্ববিদ্যালয় কলেজ কথাটি বহুলভাবে ব্যবহৃত হচ্ছে পত্রপত্রিকায় এবং অনেক কলেজে ঝোলানো সাইনবোর্ডে। ব্যতিক্রম দেখলাম ৫-১১-৯৯ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত 'ইউনেস্কোর অনন্য ভূমিকা' শীর্ষক নিবন্ধের লেখক শ্রদ্ধেয় অধ্যক্ষ্য ফারুক আহমেদের লেখায়। তিনি তার কলেজের নাম বলেছেন 'শেখ বোরহানুদ্দিন পোস্ট গ্রাজুয়েট কলেজ।' আমার লেখা আসে না। অধ্যক্ষ মহোদয়ের লেখা পড়ে আমার লিখতে ইচ্ছা হলো। তাকে ধন্যবাদ।

Logic-এর সংজ্ঞা অনুযায়ী A term denotes a thing and connotes some 'attributes'. বিশ্ববিদ্যালয় এবং কলেজ এই term দুটি দ্বারা ভিন্ন প্রকৃতির দুটি পৃথক প্রতিষ্ঠানকে বোঝানো হয়। যারা স্ব স্ব বৈশিষ্ট্যে সমুজ্জ্বল। একটিকে অপরটির সঙ্গে মিলানো যায় না।

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোন কলেজ ঐ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচি অনুযায়ী এক বা একাধিক বিষয়ে সম্মান/স্নাতকোত্তর শ্রেণীতে পাঠদানের অনুমতিপ্রাপ্ত হলে কলেজটি বিশ্ববিদ্যালয়ে উন্নীত হয়ে যায় না। 'বিশ্ববিদ্যালয় কলেজ' নামকরণ যেমন অযৌক্তিক তেমনি শ্রুতিকটু। এটা কোনও অভিধানে আছে কি? আমার মত আম লোকের তা জানা নেই। সুধীজনে কি বলেন?

সম্প্রতি অনেক স্কুলে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পাঠদান করা হচ্ছে? এবং ঐ স্কুলগুলোর নামের সঙ্গে ' ও কলেজ' যোগ করা হচ্ছে। এক্ষেত্রে অমুক 'স্কুল ও কলেজ' না বলে অমুক উচ্চ মাধ্যমিক স্কুল/বিদ্যালয় বললে কেমন হয়। সংশ্লিষ্ট বিজ্ঞজনের কাছে সবিনয়ে প্রশ্ন রাখলাম।

মোঃ আজিজুল হক
২৮/২৩, বাবর রোড
মোহাম্মদপুর, ঢাকা।